# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণি

স্থান- উপজেলা পরিষদ সভাকক্ষ

শাজাহানপুর, বগুড়া।

১৭ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ/০১ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ; সকাল ১১.৩০টা

সভাপতি ঃ মোঃ সোহরাব হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাজাহানপুর, বগুড়া।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট-'ক' (সংরক্ষিত রেজিষ্টার)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ি সভা পরিচালনা করার জন্য জনাব আসিফ আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়াকে আহবান জানান। উপজেলা নির্বাহী অফিসার সভাপতিকে ধন্যবাদ এবং উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ি আলোচনা করেন এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয় ঃ

আলোচ্যসূচি-০১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

উপজেলা নির্বাহী অফিসার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর কোন সংশোধণী না থাকায় তা সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্র.ন. | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন, শাজাহানপুর উপাজেলা পরিষদের ২০২০-২০২১ অর্থ বছরের উন্নয়ন তহবিলের (এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত) অর্থ দ্বারা গৃহিত প্রকল্পের বাস্তবায়ন কাজ ৩০ জুন ২০২১ তারিখের মধ্যেই সকলের সহযোগীতায় শতভাগ সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান, নতুন বছর অর্থাৎ ২০২১-২০২২ অর্থ বছর শুরু হয়েছে। অর্থ বছরের শুরু থেকেই বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত) তহবিলের অর্থ দ্বারা অগ্রাধিকারমূলক ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প যেন যথা সময়ে গ্রহলণ ও বাস্তবায়ন করা যায় সে বিষয়ে দৃষ্টি রাখার জন্য জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ২০২১-২০২২ নতুন অর্থ বছরে জনগুরুত্বপূর্ণ ও অগ্রাধিকারমূলক প্রকল্প দাখিল করতে হবে এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ এর ০৬ নং অনুচ্ছেদের উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচীর খাতওয়ারি বিভাজনের আলোকে অর্থ বিভাজন করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)।<br>৩। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা জানান, কোভিড-১৯ প্রতিরোধে আগামি ০৭ আগস্ট ২০২১ তারিখ হতে এ উপজেলার সকল ইউনিয়নে ১০টি কেন্দ্রে কোভিট-১৯ টিকাদান শুরু হবে। উক্ত টিকাদান কার্যক্রম প্রতিটি কেন্দ্রে ০৩টি বুথে সর্মমোট ০৬ জন টিকাদানকর্মী এবং তাদের সহাযোগিতায় ০৯ জন স্বেচ্ছাসেবী কাজ করবেন। টিকাদান কর্মসূচি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপি চেয়ারম্যানসহ উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং জনপ্রতিনিধিসহ সকলকে ব্যপক প্রচারের জন্য সভায় অনুরোধ জানান। | ০১। কোভিড-১৯ টিকাদান কর্মসূচিকে সফল করার লক্ষে সকল ইউপি চেয়ারম্যান, ওয়ার্ড মেম্বারসহ গন্যমান্য ব্যক্তিবর্গের সমম্বয়ে কাজ করতে হবে।<br>০২। টিকাদান কর্মসূচি নিয়ে কেউ যেন অপপ্রচার চালাতে না পারে সে বিষয়ে সজাগ থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য প.প. কর্মকর্তা |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা অবহিত করেন যে, এ উপজেলায় ২০২১-২০২২ খরিপ-২ মৌসুমে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা ১৩২৭০ হেঃ। এ পর্যন্ত ১৩২৭০ হেঃ জমিতে অর্জিত হয়েছে। রোপা আমন ধানে রোগ বালাই এর প্রাদুর্ভাব এখন পর্যন্ত কম, তবে কোথাও কোথাও সুষম সার প্রয়োগ না করায় ধান গাছের বিভিন্ন রোগের প্রাদুর্ভাব লক্ষ করা যাচ্ছে। এ | নিয়মিত মাঠ পরিদর্শনের মাধ্যমে কৃষকদের কৃষি উৎপাদনে প্রয়োজনীয় পরামর্শ দেয়াসহ মাঠ কর্মকর্তাদের নিবীড় তদারকি নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য কৃষকদেরকে প্রয়োজনীয় সার প্রয়োগ বা স্প্রে করার পরামর্শ প্রদান অব্যহত রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ি পাট আবাদের ফলন ভালো হয়েছে এবং কৃষকরা বাজারে পাটের ভালো দাম পাচ্ছে। এছাড়াও এ উপজেলায় রবি মৌসুমে ৬৯০ হেঃ জমিতে শাকসবজি চাষ করা হয়েছিল এ পর্যন্ত ২০০ হেঃ জমির ফসল কর্তন করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | | |
| ০৫ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, গবাদিপ্রাণি ও হাঁস-মুরগির খামার নিবির পরিচর্চা ও খামারের জীবনিরাপত্তা উন্নত করতে তার দপ্তর নিয়মিত পরামর্শ দিচ্ছেন। গবাদিপশুর জন্য নিয়মিত তড়কা, বাদলা, ক্ষুরারোগ, গলাফুলা রোগের জন্য টিকা দেয়া হয়েছে। ছাগলের জন্য পিপিআর রোগের টিকা, হাঁস-মুরগীর জন্য রানীক্ষেত, কলেরা, গামবারো, ডাকপ্লেগ ও বসন্ত রোগের টিকা প্রদান করা হয়েছে। নিরাপদ মাংস, দুধ ও ডিম উৎপাদনের লক্ষ্যে পোল্ট্রি ও ডেইরী খামার নিয়মিত পরিদর্শন করা হচ্ছে এবং এ বিষয়ে জনসচেতনতা বাড়ানোর জন্য সভায় জনপ্রতিনিধিসহ সকলকে অনুরোধ জানান। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | হাস মুরগি ও গবাদি পশুর রোগ ব্যাধি নিরসনে উপজেলা প্রাণিসম্পদ বিভাগকে আরও সতর্ক থাকতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া। |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা অবহিত করেন এ উপজেলায় সকল প্রাথমিক বিদ্যালয়ে সরকারি নির্দেশনার আলোকে ভার্চুয়াল পদ্ধতিতে জাতীয় শোক দিবস পালনের নির্দেশ দেয়া হয়েছে। ১৫ আগস্টের শহীদদের প্রতি সম্মান জানাতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর দৃশ্যমান স্থানে ১ আগস্ট থেকে ড্রপডাউন ব্যানার টানানো, ১৫ আগস্ট ২০২১ তারিখে শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, ভার্চুয়াল পদ্ধতি ব্যবহার করে এই দিনে জাতীয় শোক দিবসের সাথে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শণী, হাম-নাথ প্রতিযোগীতা এবং দোয়া মাহফিল আয়োজনের জন্য সকল প্রাথমিক বিদ্যালয়ে নির্দেশান প্রদান করা হয়েছে। তিনি আরও জানান, অনলাইনে শ্রেণী শিক্ষা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে তার দপ্তর অত্যন্ত আন্তরিকতার সাথে কাজ করছে। বিদ্যালয়গুলো পরিস্কার পরিচ্ছন্নকরণ ও ক্লাস উপযোগী করে প্রস্তুত রাখা হয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | ভার্চুয়াল পদ্ধতিতে জাতীয় শোক দিবস ২০২১ এর আলোচনা সভা দোয়া মাহফিল অন্যান্য অনুষ্ঠান পালন নিশ্চিত করতে হবে এবং শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে অনলাইন শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা শিক্ষা কর্মকর্তা, ২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, এ উপজেলার প্রান্তিক পর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকরণে তার দপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি আরও জানান, গত ১১ জুলাই ২০২১ "বিশ্ব জনসংখ্যা দিবস" সামাজিক দুরুত্ব বজায় রেখে ভার্চুয়াল আলোচনা সভার মাধ্যমে উদযাপন করা হয় এবং সামাজিক দূরুত্ব নিশ্চিত করে আটটি ক্যাটাগরিতে শ্রেষ্ঠ কর্মী ও প্রতিষ্ঠানের মাঝে সনদপত্র বিতরণ করা হয়েছে। তিনি সভায় পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম সভায় তুলে ধরেন। পরিবার পরিকল্পনা গ্রহণকারি মোট সক্ষম দম্পতি-৭৯,৮২১, মোট গ্রহণকারি- | পরিবার পরিকল্পনা বিভাগের মানসম্মত সেবা নিশ্চিতকরণে এ বিভাগকে সচেতন থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৬৫,৯৩২, গ্রহণকারির হার ৮২.৬০% । | | |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে আগামি ১৫ আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস পালন ও ১৫ আগস্টের শহীদদের প্রতি সম্মান জানাতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর দৃশ্যমান স্থানে ১ আগস্ট থেকে ড্রপডাউন ব্যানার টানানোর নির্দেশ দেয়া হয়েছে। তিনি আরও জানান, বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও দোয়া মাহফিল আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে সভায় অবহিত করেন। | সকল বিদ্যালয়ে ভার্চুয়াল পদ্ধতিতে জাতীয় শোক দিবস ২০২১ এর আলোচনা সভা দোয়া মাহফিল অন্যান্য অনুষ্ঠান পালন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), |
| ০৯ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০২১-২০২২ ভিজিডি চক্রের উপকারভোগীদের জুলাই ২০২১ মাসের খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান, মহিলাদের আয়বর্ধক প্রকল্প (আইজিএ) প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। গত অর্থ বছরে দরিদ্র মায়ের জন্য মাতৃত্বকালীন ভাতার ডাটা এন্ট্রি সফলভাবে সম্পন্ন হয়েছে এবং ভাতাভোগীদের বকেয়া টাকা পরিশোধ কার্যক্রম অব্যহত রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | মাতৃত্বকাল ভাতাভোগীদের বকেয়া টাকা দ্রুত পরিশোধের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান, শাজাহানপুর উপজেলাধীন ১১১টি প্রাথমিক এবং বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় সমিতি ১টি ও প্রাথমিক ২১টি। লক্ষমাত্রা অনুযায়ি ১১১টি প্রাথমিক সমবায় সমিতি লিঃ এর অডিট কার্য চলছে। একটি আশ্রায়ন প্রকল্প (ফেজ-২) প্রকল্প আছে, যা ডোমনপুকুর আশ্রায়ন প্রকল্প (ফেজ-২) নামে পরিচিত। উক্ত প্রকল্পের বর্তমানে ৩০ জন সদস্যকে ৪,২০,০০০/- টাকা দাদন করা হয়েছে। চলতি মাসে কোভিড-১৯ এর কারণে ঋণ আদায় শুরু হয়নি। এছাড়া ইনোভেটিভ আইডিয়া হিসাবে সামাজিক নিরাপত্তা হোম সার্ভিসের মাধ্যমে সমিতির টেকসই উন্নয়ন নামে লাইফ ওয়ে প্লাস ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সতিমিতে ইনোভেশন প্রকল্প গ্রহণ করা হয়েছে, যা চলমান রয়েছে। তিনি আরও জানান, ২০১৯-২০২০ সনের অডিট নোটের ভিত্তিতে ধার্যকৃত অডিট ফি ১৫,০১০ টাকা ট্রেজরী চালানের মাধ্যমে জমা করা হয় এবং ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল ৪,৪৩১/- টাকা জনতা ব্যাংকে ডিডি এর মাধ্যমে জমা করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | আবাসন প্রকল্পের সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষন কর্যক্রম এবং প্রশিক্ষণ পরবর্তি প্রয়োজনীয় সহযোগীতা অব্যহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, বিভিন্ন কর্মসূচি এবং প্রকল্প থেকে জুলাই ২০২১ মাসে সঞ্চয় আদায় ১২,০০০/- টাকা, ২০২০-২০২১ অর্থ বছরে সঞ্চয় আদায় ৪,০৮,০০০/- টাকা, ঋণ আদায় হয়েছে ৪০,৯০,০০০/- টাকা এবং ঋণ বিতরণ ৫৯,৮৭,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ হয়েছে ৫,২১,৯১,০০০/- টাকা, ঋণ আদায় হয়েছে ৪,১৮,৭১,০০০/- টাকা শেয়ার আমানত | ০১। সফলভাবে পরিচালনার জন্য সমিতিগুলো সচল রাখতে হবে। ঋণ বিতরণ ও আদায়ের হার বৃদ্ধি করতে হবে।<br>০২। খেলাপি টাকা আদায়ের জন্য জোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩,১৪,০০০/- টাকা এবং সঞ্চয় আমানত ৩৫,৪২,০০০/- টাকা। তিনি আরও জানান, তার দপ্তরের বিভিন্ন প্রকল্পের ৩৬,৯০,০০০/- টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপি অবস্থায় রয়েছে। টাকা আদায়ের জন্য জোর তাগিদ দেয়া হয়েছে। উক্ত অর্থ আদায়ে উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধিসহ সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | | |
| ১২ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, তার দপ্তর হতে পল্লী পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩য় পর্যায়ের ২৩৪ টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন হলেও প্লাটফর্ম পাঁকাকরণের কাজ চলমান রয়েছে। প্রাথমিক বিদ্যালয়ে সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা ও ছাত্র-ছাত্রীদের উন্নত স্যানিটেশন সুবিধা নিশ্চিত করণের লক্ষে এ অর্থবছরে ০৫টি ওয়াশব্লকের নির্মান কাজ ইতিমধ্যে সমাপ্ত হয়েছে। কোভিড ১৯ এর সংক্রমনের প্রভাব বিস্তার রোধকল্পে উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ওয়াশ বেসিন এর নির্মান কাজ চলমান রয়েছে। তাছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | ৩য় পর্যায়ের ২৩৪ টি নলকূপ ও ওয়াশ বেসিন এর স্থাপন কাজ দ্রুত শেষ করতে হবে। | উপ-সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। |
| ১৩ | উপজেলা পরিষদ | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় জানান, উপজেলা পরিষদের জীপ গাড়ী বহুদিন মেরামত না করায় যান্ত্রিক ক্রটির কারণে চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। জীপগাড়ী মেরামত খাত হতে প্রতি অর্থ বছরের নির্ধারিত অর্থ দ্বারা ক্রটিপূর্ণ যন্ত্রাংশ মেরামত করা সম্ভব হচ্ছে না। তিনি আরও জানান জীপগাড়ি মেরামতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের নির্ধারিত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে পূর্বনুমতি গ্রহণ করা প্রয়োজন। তিনি জরুরি ভিত্তিতে জীপগাড়ি সচল রাখতে মেরামতের জন্য উপজেলা রাজস্ব তহবিলের অতিরিক্ত অর্থ ব্যয়ের পূর্বানুমতি গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ২৪/০৪/২০০৫ তারিখের স্থাসবি/উপ-১/গাড়ি-(২)-২/৯৯/৯৩(৪৭২ নং স্মারক পত্রের আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | উপজেলা পরিষদের জীপ গাড়ি জরুরি ভিত্তিতে মেরামতের লক্ষে উপজেলা রাজস্ব তহবিলের অতিরিক্ত অর্থ ব্যয়ের পূর্বানুমতি গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ২৪/০৪/২০০৫ তারিখের স্থাসবি/উপ-১/গাড়ি-(২)-২/৯৯/৯৩(৪৭২ নং স্মারক পত্রে আলোকে ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার |
| ১৪ | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী অবহিত করেন, তার দাপ্তরিক অফিস কক্ষ ও ওয়াশরুম বহুদিন সংস্কার কাজ না করায় দেয়ালের প্লাস্টার ডেম্প হয়ে জরাজীর্ণ অবস্থায় রয়েছে। জরুরি ভিত্তিতে মেরামত ও রক্ষণাবেক্ষণের লক্ষ্যে অফিস কক্ষ ও ওয়াশরুম সরেজমিনে পরিদর্শন ও পরিমাপ গ্রহণ করে মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/রক্ষণাবেক্ষণ/ রঙকরণ খাত হতে তার অফিস কক্ষ দ্রুত মেরামত কাজ সম্পন্ন করার নিমিত্ত পরিশিষ্ট "খ" এ প্রকল্প গ্রহণের লক্ষ্যে প্রস্তাব উপস্থাপন করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/ রক্ষণাবেক্ষণ/রংকরণ খাত হতে উপজেলা প্রকৌশলীর দপ্তর মেরামত কাজ সম্পন্ন করার লক্ষ্যে পরিশিষ্ট "খ" বর্ণিত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী |

**১৫। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ছক মোতাবেক ব্যয়িত অর্থ সভায় অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করা হয়:**

| ক্র.ন. | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন মালির জুলাই ২০২১ মাসের মজুরি বাবদ | ১৪,৩০০/- | |

| | | | |
|---|---|---|---|
| ০২ | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের মে ২০২১ হতে জুলাই ২০২১ মাসের ভ্রমণ ভাতা বিল বাবদ | ৪২,৭৩৮/- | |
| ০৩ | উপজেলা পরিষদের জুলাই ২০২১ মাসের আপ্যায়ন ও অনুষাংগিক বিল বাবদ | ৪২,৭৩৮/- | |
| ০৪ | উপজেলা পরিষদের ২০২০-২০২১ অর্থবছরে এডিপির টেন্ডার বিজ্ঞপ্তির দৈনিক ভোরের দর্পন পত্রিকার বিল বাবদ | ১৭,৯৬০/- | |
| ০৫ | উপজেলা পরিষদের ২০২০-২০২১ অর্থবছরে এডিপির টেন্ডার বিজ্ঞপ্তির ঢাকা ট্রিবিউন পত্রিকার বিল বাবদ | ১৯,৯৮২/- | |
| ০৬ | গোহাইল ইউনিয়নে বজ্রপাতে নিহত দুই পরিবারের মাঝে আর্থিক অনুদান প্রদান বাবদ | ৩০,০০০/- | |

সিদ্ধান্ত : বিস্তারিত পর্যালোচনান্তে উপর্যুক্ত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সোহরাব হোসেন
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাজাহানপুর, বগুড়া।

স্মারক নং-০৫.৫০.১০৮৫.০০০.১৪.০০৩.১৮-৫৬৭(৩৫)

তারিখ ঃ ১৭ শ্রাবণ ১৪২৮ ব. / ০১ আগস্ট ২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৪২-বগুড়া-৭
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪। জেলা প্রশাসক, বগুড়া
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া
০৭। উপজেলা প্রকৌশলী, শাজাহানপুর, বগুড়া
০৮। ..................................................................
০৯। অফিস নথি

০১/০৮/২১

আসিফ আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া
ফোন ঃ ০৫১-৮২৪০০ (অফিস)